*অতিরিক্ত মুখ্য বিচার বিভাগীয় ম্যাজিস্ট্রেট আদালত*
*আলিপুর , দক্ষিণ ২৪ পরগনা*

*উপস্থিত বিচারক মহাশয় – শ্রী অমিত সরকার ( **J.O. CODE – WB01103)***
অতিরিক্ত মুখ্য বিচারবিভাগীয় ম্যাজিস্ট্রেট **(আলিপুর)**

***এম.এক্স:- ১৪১ /২০২১***

*আদেশ দানের তারিখ:- ইংরাজী ১১/০৫/২০২৬*

S.D.P.O. ক্যানিং কর্তৃক আদালত নির্দেশিত Report দাখিলের জন্য মামলার নথিটির তারিখ ধার্য্য আছে ।

S.D.P.O. ক্যানিং কর্তৃক আদালতে একটি Report দাখিল করা হয়েছে । দাখিলী Report -এ সংশ্লিষ্ট আধিকারিক অপরপক্ষের উপরে আদালত নির্দেশিত গ্রেপ্তারী পরোয়ানা জারী না করার প্রেক্ষিতে বিভিন্ন কারন বিবৃত করেছেন ।

ক্যানিং থানার সংশ্লিষ্ট Warrent executing officer- সন্জয় দত্ত আদালতে উপস্থিত আছেন ।

সংশ্লিষ্ট Warrent executing officer- আদালতের সমক্ষে আদালত নির্দেশিত গ্রেপ্তারী পরোয়ানা জারী না করার স্বপক্ষে অপরপক্ষের বাসস্থানে তার অনুপস্থিতির কারন স্বরূপ যে বক্তব্য পেশ করেছেন এবং

মামলার দরখাস্তকারিনী ও দরখাস্তকারিনীর নিয়োজিত আইনজীবি আদালতে যে বক্তব্য রেখেছেন সেই দুইটি বক্তব্যের মধ্যে কোনো সাদৃশ্য ও সামন্জস্য পরিলক্ষিত হয়নি ।

আদালতে উপস্থিত Warrent executing officer আদালতে এই মর্মে বক্তব্য জ্ঞাপন করলেন যে- তিনি আদালত নির্ধারিত পরবর্তী ধার্য্য তারিখে অপরপক্ষের উপরে আদালত নির্দেশিত গ্রেপ্তারী পরোয়ানা জারী করবেন।

বক্তব্য শোনা হল ।

নথিভুক্ত দস্তাবেজাদি দেখা হল।

বিবেচণা করা হল।

*<u>এম.এক্স:- ১৪১ /২০২১</u>*

*(২)*

এই ক্ষেত্রে আপাতত আদালত Warrent executing officer-র বক্তব্যকে বিশ্বাস করছেন ; এবং সংশ্লিষ্ট আধিকারিক -কে অপর পক্ষের উপরে আদালত নির্দেশিত গ্রেপ্তারী পরোয়ানা (W/A ) জারী পুর্বক ইংরাজী ১৯/০৫/২০২৬ তারিখে গ্রেপ্তারী পরোয়ানা জারীর প্রতিবেদন (E.R of W/A) আদালতে দাখিলের জন্য নির্দেশ দেওয়া হল ।

উপরোক্ত ধার্য্য তারিখের মধ্যে যদি Warrent executing officer অপর পক্ষের উপরে আদালত নির্দেশিত গ্রেপ্তারী পরোয়ানা (W/A ) জারী করতে অসমর্থ্য হন সেই ক্ষেত্রে কি কারনে আদালত নির্দেশিত গ্রেপ্তারী পরোয়ানা (W/A ) জারী করা সম্ভব হয়নি -সেই বিষয়টি আদালতের সমক্ষে বিস্তারিত ভাবে বিশ্লেষণ করার জন্য ইংরাজী ২১/০৫/২০২৬ তারিখে ক্যানিং থানার O.C. -কে আদালতে তলব করা হবে।

আদালত এইরূপ অভিমত পোষণ করছেন যে- গ্রেপ্তারী পরোয়ানা (W/A ) জারীর প্রেক্ষিতে আদালতের আজকের আদেশটি যথেষ্ট কার্যকরী ভূমিকা গ্রহন করবে ।

**আদালতের আদেশ রূপায়নের প্রেক্ষিতে যথাযথ ব্যবস্থা এবং পদক্ষেপ গ্রহনের জন্য বর্তমান আদেশের একটি প্রতিলিপি ক্যানিং থানার O.C প্রেরণের জন্য নির্দেশ দেওয়া হল ।**

**বর্তমান আদেশের একটি প্রতিলিপি .S.D.P.O. ক্যানিং -কে প্রেরণের জন্য নির্দেশ দেওয়া হল ।**

আদালতের আদেশ অনুসারে লিখিত এবং সংশোধিত

অতিরিক্ত মূখ্য বিচারবিভাগীয় ম্যাজিস্ট্রেট
আলিপুর

অতিরিক্ত মূখ্য বিচারবিভাগীয় ম্যাজিস্ট্রেট
আলিপুর